জাতীয় ক্রীড়া পরিষদ
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০
www.nsc.gov.bd,
email- info@nsc.gov.bd.

নথি নং-৩৪.০৩.০০০০.০০৩.০৮.০৬৩.১২-/২২৮৭

তারিখঃ ২৩ কার্তিক, ১৪২৯
০৮ নভেম্বর, ২০২২

**বিষয়ঃ নিয়োগ বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশের অনুরোধ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জাতীয় ক্রীড়া পরিষদের রাজস্বখাতভূক্ত স্থায়ী/রাজস্বখাতে সৃজিত অস্থায়ী শুন্য পদে জনবল নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তিটি আগামী ১৩.১১.২০২২ খ্রিঃ তারিখের নির্ধারিত কলামে ০১ (এক) দিন সকল সংস্করণ ছাপানোর জন্য অনুরোধ করা হলো। বিজ্ঞপ্তি প্রকাশের পর পত্রিকার ০৩ (তিন) টি কপিসহ বিল নিম্নস্বাক্ষরকারীর বরাবরে প্রেরণের জন্যও অনুরোধ জানাচ্ছি।

সংযুক্তিঃ বর্ণনামতে।

8/11/22

**(শেখ হামিম হাসান)**
**(যুগ্মসচিব)**
**পরিচালক (প্রশাসন)**
**জাতীয় ক্রীড়া পরিষদ**
**ফোনঃ ৪১০৫০৫৫১**
**ই-মেইলঃ hamim_hassan2002@yahoo.com**

প্রাপকঃ

১। বিজ্ঞাপন ম্যানেজার
বাংলাদেশ প্রতিদিন
প্লট নং-৩৭১/এ, ব্লক-ডি,
বসুন্ধরা আ/এ বারিধারা, ঢাকা-১২২৯।
মাধ্যম: মাসুদ রানা, সিনিয়র বিজ্ঞাপন নির্বাহী,
বাংলাদেশ প্রতিদিন।

২। বিজ্ঞাপন ম্যানেজার
দি ডেইলী অবজারভার
৩য় তলা, আজিজ ভবন, ৯৩ মতিঝিল বা/এ,
ঢাকা-১০০০।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থেঃ

১। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
২। মাননীয় চেয়ারম্যানের একান্ত সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
৩। অফিস নথি।

জাতীয় ক্রীড়া পরিষদ
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০
www.nsc.gov.bd,
email- info@nsc.gov.bd.

স্মারক নং-৩৪.০৩.০০০০.০০৩.০৮.০৬৩.১২- ১১৪৭ তারিখঃ ২৩ কার্তিক, ১৪২৯ / ০৮ নভেম্বর, ২০২২

## নিয়োগ বিজ্ঞপ্তি

জাতীয় ক্রীড়া পরিষদের নিম্নোক্ত রাজস্ব খাতভুক্ত স্থায়ী/রাজস্ব খাতে সৃজিত অস্থায়ী শূন্য পদে জনবল নিয়োগের জন্য প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ-

| ক্রঃ নং | পদের নাম | গ্রেড | জাতীয় বেতন স্কেল-২০১৫ | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১. | সহকারী পরিচালক (পঃ উঃ)<br>রাজস্ব খাতে সৃজিত অস্থায়ী পদ | ৯ম | ২২০০০-৫৩০৬০/- | ০১টি | ০২ (দুই) বছরের অভিজ্ঞতাসহ সিভিল ইঞ্জিনিয়ারিং এ স্নাতক ডিগ্রী |
| ২. | সহকারী প্রকৌশলী (যান্ত্রিক)<br>রাজস্ব খাতে সৃজিত অস্থায়ী পদ | ৯ম | ২২০০০-৫৩০৬০/- | ০১টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যন্ত্রকৌশলে বি.এস.সি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অথবা সমমানের ডিগ্রী |
| ৩. | সহকারী স্থপতি<br>রাজস্ব খাতে সৃজিত অস্থায়ী পদ | ৯ম | ২২০০০-৫৩০৬০/- | ০১টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্থপত্যে স্নাতক ডিগ্রী। |
| ৪. | উপসহকারী প্রকৌশলী<br>(ডিপ্লোমা স্থপতি)<br>রাজস্ব খাতে সৃজিত অস্থায়ী পদ | ১০ম | ১৬০০০-৩৮৬৪০/- | ০২টি | (ক) বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড হইতে ০৪ (চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন-আর্কিটেকচার এ ডিপ্লোমা।<br>(খ) সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক পেশায় ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা; এবং<br>(গ) কম্পিউটার এইডেট ড্রাফটিং ও 3D নকশায় পারদর্শী। |
| ৫. | সহকারী পরিকল্পনা ও<br>গবেষণা অফিসার<br>স্থায়ী পদ | ১০ম | ১৬০০০-৩৮৬৪০/- | ০১টি | অর্থনীতি/সমাজবিজ্ঞান/পরিসংখ্যানে স্নাতক ডিগ্রী। |
| ৬. | এষ্টিমেটর<br>রাজস্ব খাতে সৃজিত অস্থায়ী পদ | ১০ম | ১৬০০০-৩৮৬৪০/- | ০১টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সিভিল/ অটোমোবাইলস্ ইঞ্জিনিয়ারিং এ ০৩ (তিন) বৎসর মেয়দী অন্যূন দ্বিতীয় শ্রেণীর ডিপ্লোমা। |
| ৭. | ড্রাফটসম্যান/নকশাকার<br>স্থায়ী পদ | ১৫তম | ৯৭০০-২৩৪৯০/- | ০১টি | সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা। |
| ৮. | সার্ভেয়ার<br>রাজস্ব খাতে সৃজিত অস্থায়ী পদ | ১৬তম | ৯৩০০-২২৪৯০/- | ০১টি | এইচ.এস.সি পাসসহ সার্ভেয়ার শীপ সার্টিফিকেট পাশ।অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। |
| ৯. | কার্যসহকারী<br>রাজস্ব খাতে সৃজিত অস্থায়ী পদ | ১৮তম | ৮৮০০-২১৩৪০/- | ০৩টি | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট। |

**আবেদনের শর্তাবলীঃ**

(১) আবেদনকারীকে যথাযথভাবে সঠিক তথ্যসহ সরকারি চাকরির নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। জাতীয় ক্রীড়া পরিষদের ওয়েবসাইটে (www.nsc.gov.bd) উক্ত আবেদন ফরম পাওয়া যাবে। আবেদনকারীকে **সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ৬২/৩, পুরানা পল্টন,** ঢাকা-১০০০ ঠিকানাযুক্ত খামে (খামে পদের নাম ও জেলা উল্লেখসহ) ০৮.১২.২০২২ খ্রিঃ তারিখের মধ্যে সরাসরি অথবা ডাকযোগে অফিস চলাকালীন নির্ধারিত সময়ে পৌছাতে হবে। বিলম্বে প্রাপ্ত আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

জাতীয় ক্রীড়া পরিষদ
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০
www.nsc.gov.bd,
email- info@nsc.gov.bd.

(২) নিয়োগ সংক্রান্ত সকল হালনাগাদ তথ্য, ফলাফল, পরীক্ষা সংক্রান্ত কার্যক্রম ক্রীড়া পরিষদের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

(৩) আবেদনকারীকে পরীক্ষার ফি বাবদ যে কোন তফসিলী ব্যাংক হতে ইস্যুকৃত ৯ম গ্রেডের জন্য ৬০০/- (ছয়শত) টাকা, ১০ম গ্রেডের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা, ১৫তম ও ১৬তম গ্রেডের জন্য ২০০/- (দুইশত) টাকা এবং ১৮তম গ্রেডের জন্য ১০০/- (একশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার **জাতীয় ক্রীড়া পরিষদ**- এর অনুকূলে আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

(৪) আবেদনপত্রের সাথে সম্প্রতি তোলা ৩ কপি (৫× ৫ সেঃমি) সাইজের সত্যায়িত রঙিন ছবি সংযুক্ত করতে হবে।

(৫) **আবেদনপত্রের সাথে কোন সনদ/সনদের ছায়াকপি সংযুক্ত করার প্রয়োজন নেই তবে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ে সনদ/সনদের মূল কপি উপস্থাপন করতে হবে।**

(৬) নিয়োগের ক্ষেত্রে সরকারি সিদ্ধান্ত অনুযায়ী প্রচলিত সকল কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।

(৭) সরকারি ও আধা-সরকারি সংস্থায় চাকরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

(৮) ০৮.১২.২০২২ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বৎসর এবং মুক্তিযোদ্ধা/শারীরিক প্রতিবন্ধীর ক্ষেত্রে আবেদনের বয়সসীমা হবে ১৮ হতে ৩২ বৎসর। উল্লেখ্য মুক্তিযোদ্ধা/শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে উপযুক্ত সনদপত্র নির্ধারিত সময়ে কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। তবে জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯; তারিখঃ ২২ সেপ্টেম্বর ২০২২ মূলে জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদে আবেদনের ক্ষেত্রে প্রার্থীর বয়স ২৫.০৩.২০২০ তারিখে সর্বোচ্চ বয়সসীমার মধ্যে থাকলে আবেদন করতে পারবেন।

(৯) ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০২। জাতীয় ক্রীড়া পরিষদ নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাবলী সংশোধন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

**(শেখ হামিম হাসান)**
**(যুগ্মসচিব)**
**পরিচালক (প্রশাসন)**
**জাতীয় ক্রীড়া পরিষদ**
**ফোনঃ ৪১০৫০৫৫১**
**ই-মেইলঃ hamim_hassan2002@yahoo.com**

জাতীয় ক্রীড়া পরিষদ ঢাকা ★ রাজস্ব শাখা ★

# চাকরির আবেদন ফরম

৫×৫ সে.মি ছবি (সম্প্রতি তোলা চার কপি)

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম : | | | | | | | | | | | | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তি নম্বর : | | | | | | | | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র | | |
| ৩. | প্রার্থীর নাম | বাংলা: | | | | | | | | | | | | | | | | | |
| | | ইংরেজীতে ( বড় অক্ষরে) : | | | | | | | | | | | | | | | | | |
| ৪. | জাতীয় পরিচয় পত্র নম্বর: | | | | | | | | | | | | | | | | | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | | | | | | | | | | | | | | | | | |
| ৫. | জন্ম তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র | ৬. জন্ম স্থান (জেলা): | | | | | | | | | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | | বছর | | মাস | | দিন | | | | | | | | | | | | |
| ৮. | মাতার নাম: | | | | | | | | | | | | | | | | | | |
| ৯. | পিতার নাম: | | | | | | | | | | | | | | | | | | |

| | | | |
|---|---|---|---|
| ১০. | ঠিকানা : | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর): | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |
| | পোস্টকোড নম্বর: | | |
| | উপজেলা: | | |
| | জেলা: | | |
| ১১. | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর: | ই-মেইল (যদি থাকে): |

| | | | |
|---|---|---|---|
| ১২. | জাতীয়তা: | ১৩. | জেন্ডারঃ |
| ১৪. | ধর্ম : | ১৫. | পেশা |

১৬. শিক্ষাগত যোগ্যতা:

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ ( প্রযোজ্য ক্ষেত্রে): | | | |
| ১৯. | কোটা (টিক দিন): | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ্য করুন): |
| ২০. | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর: | তারিখঃ | | |
| | ব্যাংক ও শাখার নামঃ | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা ( টিক দিন) : | হাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখঃ

প্রার্থীর স্বাক্ষর